

রেজিস্ট্রারের কার্যালয়  
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
খুলনা-৯২০৩।

## বিজ্ঞপ্তি

২০১৬-২০১৭ইং শিক্ষাবর্ষে বিইউআরপি বিভাগের ২য় বর্ষ ২য় টার্ম ও সিভিল ইঞ্জিঃ, মেকানিক্যাল ইঞ্জিঃ, টেক্সটাইল ইঞ্জিঃ ও বিইউআরপি বিভাগের ৩য় বর্ষ ২য় টার্মের এবং মেকানিক্যাল ইঞ্জিঃ, সিএসই, ইসিই ও লেদার ইঞ্জিঃ বিভাগের ৪র্থ বর্ষ ২য় টার্মের কোর্স রেজিস্ট্রেশন অনলাইনের মাধ্যমে আগামি ১০/০৯/২০১৭ইং থেকে ১৯/০৯/২০১৭ইং তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট বিভাগের ছাত্র/ছাত্রীদেরকে কোর্স রেজিস্ট্রেশনের জন্য বিভাগীয় প্রধান/কোর্স এ্যাডভাইজার এর নিকট হতে রেজিস্ট্রেশনকৃত ক্রেডিট নির্ধারণ পূর্বক বিভাগীয় প্রধানের নিকট হতে রেজিস্ট্রেশন ফরম সংগ্রহ করার পর শিক্ষা শাখা হতে নিম্নবর্ণিত হারে বিভিন্ন খাতের ফি বাবদ টাকা পরিশোধের ছাড়পত্র গ্রহণ করার জন্য বলা যাচ্ছে।

### ফি এর বিবরণ

(২য় ও ৩য় বর্ষ ২য় টার্ম)

সঞ্চয়ী হিসাব নং-২৫৮৯		
১।	কোর্স রেজিস্ট্রেশন ফি (প্রতি ক্রেডিট ২৫/- হারে) নূন্যতম	৫০০/-
২।	চিকিৎসা ফি	১৯৫/-
৩।	পরীক্ষার ফি	৩৫০/-
৪।	ইন্টারনেট চার্জ	১৮০/-
৫।	গ্রেডশীট	২৫/-
৬।	পরিবহন ফি	২০০/-
৭।	বিদ্যুৎ	৩০০/-
মোট =		১৭৫০/-
সঞ্চয়ী হিসাব নং-৬২৫০		
৮।	জরুরী সাহায্য তহবিল	১০০/-
সর্বমোট =		১৮৫০/-

(৪র্থ বর্ষ ২য় টার্ম)

সঞ্চয়ী হিসাব নং-২৫৮৯		
১।	কোর্স রেজিস্ট্রেশন ফি (প্রতি ক্রেডিট ২৫/- হারে) নূন্যতম	৫০০/-
২।	চিকিৎসা ফি	১৯৫/-
৩।	পরীক্ষার ফি	৩৫০/-
৪।	প্রজেক্ট এন্ড থিসিস ফি	৮০/-
৫।	ইন্টারনেট চার্জ	১৮০/-
৬।	গ্রেডশীট	২৫/-
৭।	পরিবহন ফি	২০০/-
৮।	বিদ্যুৎ	৩০০/-
মোট =		১৮৩০/-
সঞ্চয়ী হিসাব নং-৬২৫০		
৯।	জরুরী সাহায্য তহবিল	১০০/-
সর্বমোট =		১৯৩০/-

জরিমানা ছাড়া টাকা জমা দেয়ার তারিখ : ১০/০৯/২০১৭ইং থেকে ১৯/০৯/২০১৭ইং  
২০০/- (দুইশত) টাকা জরিমানাসহ জমা দেয়ার তারিখ : ২০/০৯/২০১৭ইং থেকে ০৫/১০/২০১৭ইং

নির্ধারিত সময়ের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে ব্যর্থ হলে উক্ত টার্মের জন্য কোর্স রেজিস্ট্রেশন গ্রহণ করা হবে না।

### টাকা, ফরম জমা ও রেজিস্ট্রেশন করার নিয়ম :

- কোর্স রেজিস্ট্রেশন কার্ডে প্রভোস্ট, কোর্স এ্যাডভাইজার এবং বিভাগীয় প্রধানের স্বাক্ষরের পর শিক্ষা শাখা কর্তৃক যাচাই পূর্বক উক্ত শাখা টাকা জমা দেয়ার জন্য ছাড়পত্র প্রদান করবে।
- কোন ছাত্র/ছাত্রীর ২০ (বিশ) ক্রেডিটের বেশী হলে (ভগ্নাংশ হলেও পূর্ণ ক্রেডিট হিসেবে গন্য হবে) প্রতি ক্রেডিটের জন্য ২৫/- (পঁচিশ) টাকা হারে অতিরিক্ত প্রদান করতে হবে।
- ব্যাককে টাকা জমা দেয়ার পর অনলাইনের মাধ্যমে কোর্স রেজিস্ট্রেশন করে জমা রশিদ ও কোর্স রেজিস্ট্রেশন কার্ড শিক্ষা শাখায় জমা দিতে হবে।

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/সংস্থাপন/

তারিখঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলোঃ

- ডীন, সকল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- পরিচালক, আইআইসিটি, আইডিএম ও আইইপিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- বিভাগীয় প্রধান, সিভিল ইঞ্জিঃ, মেকানিক্যাল ইঞ্জিঃ, সিএসই, ইসিই, লেদার ইঞ্জিঃ, টেক্সটাইল ইঞ্জিঃ, এবং বিইউআরপি বিভাগ অত্র বিশ্ববিদ্যালয়।  
সংশ্লিষ্ট সকল ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধ সহ।
- প্রভোস্ট, সকল হল, অত্র বিশ্ববিদ্যালয়। সংশ্লিষ্ট সকল ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধ সহ।
- কম্পিউটার, অত্র বিশ্ববিদ্যালয়।
- পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র বিশ্ববিদ্যালয়।
- প্রকৌশলী মিহিরলাল সরকার, প্রোগ্রামার, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয় (উক্ত বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধ সহ)
- ম্যানেজার, জনতা ব্যাংক লিঃ, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা, খুলনা। ছাত্র/ছাত্রীদের পরীক্ষার ফি ও অন্যান্য পাওনাদি জমা নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুরোধ করা হলো। অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখার ছাড়পত্র ছাড়া কোন টাকা জমা না নেয়ার জন্য অনুরোধ করা হলো।
- সকল বিজ্ঞপ্তি ফলক, অত্র বিশ্ববিদ্যালয়।
- সংরক্ষন নথি।

সেকশন অফিসার (গ্রেড-১)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়